



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান শিক্ষকের কার্যালয়

বরিশাল জিলা স্কুল

(বিদ্যালয় কোড নম্বর: ১৭৫০, ইআইআইএন: ১০০৭৪২)

ডাকঘর: বরিশাল সদর-৮২০০, জেলা: বরিশাল, ফোন: +৮৮০২৪৭৮৮৬৪৪২৭

e-mail: barishalzillaschool1829@gmail.com, Website: bzsb.edu.bd

স্মারক নং- বরি.জেড.এস.২০২৪.১০০৭৪২.১০৯৬৪১.১

তারিখ: ১৭/১২/২০২৪ খ্রি.

নোটিশ

এতদ্বারা ২০২৫ শিক্ষাবর্ষে ডিজিটাল লটারির মাধ্যমে বরিশাল জিলা স্কুল, বরিশাল এ ৩য় শ্রেণিতে প্রাথমিক ভাবে নির্বাচিত ছাত্র অভিভাবকদের জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত সময়সূচি মোতাবেক সাক্ষাৎকার ও ভর্তি নেয়া হবে।

ক্র.	শ্রেণি	বিষয়	তারিখ/বার	সময় ও স্থান			
				প্রশাসনিক ভবনের নিচ তলা			
০১	৩য়	সাক্ষাৎকার গ্রহণ ও ভর্তি ফরম বিতরণ	১৯.১২.২০২৪ খ্রি. বৃহস্পতিবার	প্রভাতি		দিবা	
				সকাল- ১০:০০টা		বেলা- ১২:০০টা	
০২	৩য়	ফরম ও সেশন ফি জমা	২২.১২.২০২৪ খ্রি. রবিবার	পদ্মা শাখার ১০১ নং কক্ষ	মেঘনা শাখার ১০২ নং কক্ষ	যমুনা শাখার ১০৩ নং কক্ষ	সুরমা শাখার ১০৪ নং কক্ষ

সাক্ষাৎকারের সময় যে সকল প্রমাণক সাথে আনতে হবে:

ক্র.	কোটার ধরণ	প্রয়োজনীয় প্রমাণক
০১	সাধারণ কোটা	ক) ভর্তির জন্য অনলাইন আবেদন (রজিন)। খ) পূর্ববর্তী বিদ্যালয়ের ছাড়পত্রের সত্যায়িত ফটোকপি (দ্বিতীয় শ্রেণিতে অধ্যয়নরত)। গ) আবেদনকারীর জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি ও অনলাইনের মূলকপি। ঘ) পাসপোর্ট সাইজের রজিন ছবি - ০২(দুই) কপি। ঙ) পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি। চ) প্রাথমিকভাবে নির্বাচিত ফলাফলের অনলাইন কপি।
০২	মুক্তিযোদ্ধা কোটা	ক) ক্রমিক নং ১ এ বর্ণিত সকল কাগজপত্র। খ) মুক্তিযোদ্ধার সার্টিফিকেট যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে এবং গেজেটের কপি সংযুক্ত করতে হবে। গ) মুক্তিযোদ্ধার স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র। ঘ) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি। ঙ) আবেদনকারী যে মুক্তিযোদ্ধার পুত্র এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সম্পর্ক বিষয়ক সনদ পত্র। চ) আবেদনকারীর পিতা ও মাতার মূল জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি। ছ) আবেদনকারীর পিতা ও মাতার এস.এস.সি সনদ (যদি থাকে) সত্যায়িত ফটোকপি।
০৩	প্রতিবন্ধী কোটা	ক) ক্রমিক নং ১ এ বর্ণিত সকল কাগজপত্র। খ) আবেদনকারীর সমাজসেবা অধিদপ্তর/সিভিল সার্জন কর্তৃক প্রতিবন্ধীতার সনদপত্র।
০৪	সহোদর কোটা	ক) ক্রমিক নং ১ এ বর্ণিত সকল কাগজপত্র। খ) আবেদনকারীর এই বিদ্যালয়ে অধ্যয়নরত সহোদরের প্রত্যয়ন পত্র, জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
০৫	যমজ কোটা	ক) ক্রমিক নং ১ এ বর্ণিত সকল কাগজপত্র। খ) TWN (Pair) সংরক্ষিত আসনে নির্বাচিত প্রার্থী নিজে এবং তার যমজ সহোদর ভর্তি হবে। গ) TWN (Single) সংরক্ষিত আসনে নির্বাচিত প্রার্থী শুধুমাত্র নিজে ভর্তি হবে। এক্ষেত্রে তার অপর যমজ সহোদরের অবশ্যই এই বিদ্যালয়ে অধ্যয়নরত এ মর্মে প্রত্যয়ন পত্র, জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি ও অনলাইনের মূলকপি দাখিল করতে হবে।

বিশেষ দৃষ্টব্য:

- * সাক্ষাৎকার গ্রহণের সময় মূল কাগজপত্র দেখাতে হবে এবং প্রয়োজনীয় সকল কাগজপত্রের ০১ (এক) সেট ফটোকপি ও পূর্ববর্তী বিদ্যালয়ের ছাড়পত্র মূল কপি জমা দিতে হবে।
- * অসম্পূর্ণ, অসত্য তথ্য এবং ভর্তির সময় কোটার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে ব্যর্থ হলে ভর্তির প্রাথমিক নির্বাচন বাতিল বলে গণ্য হবে এবং এক্ষেত্রে ভর্তি বিবেচনার কোন সুযোগ থাকবে না।

(অনিভা রানী হালদার)
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
বরিশাল জিলা স্কুল, বরিশাল